

Press Release

Training on Cyber Crime Investigation held at BUBT

16 September 2017

A daylong training on "Cyber Crime Investigation Techniques for Bangladesh Police" organized by the Department of Computer Science and Technology, Bangladesh University of Business and Technology (BUBT) was held on Saturday, September 16, 2017 at its Permanent Campus, Mirpur in Dhaka. Thirty-six Sub-Inspectors from Seven Police Stations under Mirpur Division including an Officer In-charge (OC) attended the training.

Prof Md. Abu Saleh, Vice Chancellor of BUBT, inaugurated the workshop and thanked Dhaka Metropolitan Police and all participants for attending the training. He said, "In Banglaesh, people are being empowered due to increasing Internet activities, at the same time, there is a big concern about Cyber Crimes, Law enforcement agencies should be more knowledgeable about how to investigate Cyber Crimes".

Mr. Tanvir Hassan Zoha, Cyber Crime Investigation expert and consultant of Crime Research and Analysis Foundation – CRAF, conducted the Training as the Keynote Speaker. Tanvir Hassan Zoha highlighted, if police officers can investigate Cyber Crime themselves, justice might be in more progress, and people can trust more Police Department'. Mr Zoha also remarked, crimes through Social Networking Websites can be investigated easily by simple tools; police should learn them. He trained the participants about the various techniques to identify cyber criminals in his valuable presentation during the sessions. Mr. Maksudul Islam, prominent IT expert, also spoke at the training.

Prof Mian Lutfar Rahman, Proctor, BUBT, Dr. Harun Or-Rashid, Registrar, BUBT were present as Special Guests., Prof. Ameerr Ali, Chairman of CSE Department, BUBT was present at the program. Mr AHM Azmal Hossain, Joint Registrar, BUBT also was present in the sessions. At the end of training session Honorable VC of BUBT prof. Md. Abu Saleh handed over Certificates among the participants.

Jisan Al Jubair

Asst. Registrar (PR), BUBT

Cell: 01750602033; jisanaljubair@yahoo.com

প্রেস বিজ্ঞপ্তি

বিইউবিটিতে পুলিশের সাইবার ক্রাইম তদন্ত বিষয়ক প্রশিক্ষণ

১৬ সেপ্টেম্বর, ২০১৭

বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি) তে কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ আয়োজিত ‘সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টেকনিকস ফর বাংলাদেশ পুলিশ’ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন পুলিশের মিরপুর বিভাগের সাত থানা থেকে আগত ৩৬ জন সাব-ইনসপেক্টর (এসআই) ও একজন ভারপ্রাপ্ত কর্মকর্তা (ও.সি)। শনিবার, ১৬ আগস্ট, ২০১৭ সকাল ১০ টায় মিরপুরস্থ বিইউবিটি’র ক্যাম্পাসে প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মো. আবু সালেহ। উপাচার্য তার বক্তব্যে সাইবার অপরাধ বেড়ে যাওয়ায় উদ্বেগ জানিয়ে বলেন, পুলিশ কর্মকর্তাদের সাইবার অপরাধ তদন্তের ক্ষেত্রে দক্ষতা অর্জন করতে হবে, অন্যথায় ইন্টারনেট যে ক্ষমতা মানুষকে দিচ্ছে তা ভুল পথে চলতে থাকবে। প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য সাত থানা থেকে আগত সাব-ইনসপেক্টর (এসআই)দের এবং ঢাকা মহানগর পুলিশকে ধন্যবাদ জানান তিনি।

ক্রাইম রিসার্চ এন্ড এনালাইসিস ফাউন্ডেশন-ক্র্যাফ এর উপদেষ্টা এবং সাইবার অপরাধ তদন্ত বিশেষজ্ঞ তানভীর হাসান জোহা প্রশিক্ষণ পরিচালনা ও কি-নোট উপস্থান করেন। তিনি বলেন, যদি পুলিশের তদন্ত কর্মকর্তারা সাইবার অপরাধের তদন্ত নিজেরাই করতে পারেন, তাহলে বিচার কার্যক্রম সহজ হতে পারে। তার মতে, সামাজিক যোগাযোগ মাধ্যমে যেসব অপরাধ হয় তা শনাক্ত করার জন্য কিছু টুল সম্পর্কে এসআইদের ধারণা থাকা প্রয়োজন। তিনি জোর দিয়ে বলেন, পুলিশ তথ্য প্রযুক্তিতে দক্ষ হলে তাদের ওপর জনগণের আস্থা আরো বেড়ে যাবে। এছাড়াও প্রশিক্ষণে বক্তব্য দেন বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ জনাব মাকসুদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মিঞা লুৎফার রহমান, প্রক্টর, বিইউবিটি এবং ড. হারুন-অর-রশিদ, রেজিস্ট্রার, বিইউবিটি। প্রশিক্ষণ কর্মসূচির সভাপতিত্ব করেন সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর আমীর আলী। এছাড়াও উপস্থিত ছিলেন বিইউবিটি’র জয়েন্ট রেজিস্ট্রার জনাব এ এইচ এম আজমল হোসেন।#

জিসান আল যুবাইর

এসিস্ট্যান্ট রেজিস্ট্রার (জনসংযোগ), বিইউবিটি

যোগাযোগ: ০১৭৫০৬০২০৩৩, jisanaljubair@yahoo.com